

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭১

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬. তৃতীয় অনুচ্ছেদ - নাপাক ব্যক্তির সাথে মেলামেশা

### আরবী

وَعَن الحكم بن عَمْرو قَالَ: نَهَى رَسُولُ اللّهِ صلّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَتَوَضَّاً الرَّجُلُ بِفَضل طَهُورِ الْمَرْأَةِ. رَوَاهُ أَبُو دَاؤُدَ وَابْنُ مَاجَهُ وَالتِّرْمِذِيُّ: وَزَادَ: أَوْ قَالَ: بِسُورِهَا. وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيح

#### বাংলা

8৭১-[২১] হাকাম ইবনু 'আমর (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মহিলাদের উযূর (বা গোসলের পর) অবশিষ্ট পানি দিয়ে উযূ (ওযু/ওজু/অজু) করতে পুরুষদেরকে নিষেধ করেছেন। (আবূ দাউদ, ইবনু মাজাহ্ ও তিরমিযী)[1]

আর ইমাম তিরমিয়ী (রহঃ) এ শব্দগুলো বেশী ব্যবহার করেছেন যে, রাবী সন্দেহ প্রকাশ করেছেন, "তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) নিষেধ করেছেন যে, মহিলাদের উযূর অবশিষ্ট পানি দিয়ে।" তিনি আরো বলেছেন, এ হাদীসটি হাসান সহীহ।

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৮২, ইবনু মাজাহ্ ৩৭৩, তিরমিয়ী ৬৪, ইরওয়া ১১।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীসে নারীর অবশিষ্ট পানি দ্বারা পুরুষকে উয্ (ওযু/ওজু/অজু) না করার প্রতি উৎসাহ দেয়া হয়েছে। কেননা, এ অধ্যায়ের দ্বিতীয় অনুচ্ছেদে ইবনু 'আব্বাস (রাঃ)-এর হাদীস এবং আরো অন্যান্য হাদীস দ্বারা মহিলার উয় (ওযু/ওজু/অজু) বা গোসলের অবশিষ্ট পানি দ্বারা পুরুষের উয় (ওযু/ওজু/অজু) বা গোসলের বৈধতার প্রমাণ সুস্পষ্ট।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন